



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

ডিসিএম সার্কুলার লেটার নং- ০৩/২০২১

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪২৮
১৩ জুলাই, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

কোরবানীর পশুর হাটে জাল নোট প্রতিরোধকল্পে তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের
দ্বারা পশু ব্যবসায়ীদেরকে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৮/০৭/২০২১ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-০২/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি
আকর্ষণ করা যাচ্ছে।

০২. সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২১ এর প্রাক্কালে জাল নোট প্রচলন চক্রের
অপতৎপরতা রোধকল্পে কতিপয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তন্মধ্যে সমগ্র বাংলাদেশের
অনুমোদিত কোরবানীর পশুর হাটসমূহে (উপজেলা সদর পর্যন্ত) জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপনপূর্বক হাট শুরুর দিন হতে ঈদের
পূর্ব রাত পর্যন্ত পশু ব্যবসায়ীদেরকে বিনামূল্যে ও নিরবচ্ছিন্নভাবে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান অন্যতম।

০৩. এ পর্যায়ে সারা দেশের কোরবানীর পশুর হাটসমূহে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপনপূর্বক
নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহকে জাল নোট সনাক্তকারী মেশিন ব্যবহারের পাশাপাশি
কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকি হ্রাসকল্পে নোট কাউন্টিং মেশিনের সাহায্যে নগদ অর্থ গণনা করণ সুবিধা প্রদানের বিষয়টি নিশ্চিত করার
জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

০৪. উল্লেখ্য, উক্ত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ গোলাম মোস্তফা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯০

ফ্যাক্স- ৯৫৩০০৯১